# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 29 April, 2025

তারকাদের প্রায়ই বিভিন্ন ধরনের বিভ্রান্তিকর পরিস্থিতিতে পড়ার কথা শোনা যায়।বিশেষ করে সোশ্যাল মিডিয়ায় তাদের নামে ভুয়া অ্যাকাউন্ট ও পেজ নিয়ে।মাঝে মধ্যেই সেসব ভুয়া ফ্যান পেজ থেকে তাদের নামে ভুল তথ্য ছড়ানো এবং প্রতারণার অভিযোগ সামনে আসে। এবার এমনই এক পরিস্থিতির শিকার হয়েছেন ছোটপর্দার অভিনেত্রী শবনম ফারিয়া।

সোমবার (২৮ এপ্রিল) দিবাগত রাতে এ অভিনেত্রী ভেরিফায়েড ফেসবুকের এক পোস্টে নিশ্চিত করেছেন বিষয়টি।

শবনম ফারিয়া লিখেছেন, ‘এবার এক গণ্ডার বড় ভাই এই আপার ছবিতে আমার মুখ এডিট করে বসিয়ে পোস্ট দিয়েছেন। আমি বুঝলাম না, এই ভাইয়াদের আমাকে এতো খোলামেলা পোশাকে দেখার ইচ্ছা কেন? এতো কষ্ট করে এডিট করে!’

অভিনেত্রী আরও লেখেন, ‘আমি তো এমনেই স্লিভলেস পরে ছবি দেই। ওইগুলো যথেষ্ট অশালীন না লাগায় ওনাদের হতাশা দেখলে মাঝে মাঝে আমার মন চায়, এমন কয়েকটা ছবি তুলেই ফেলি। প্রমিজ করলাম, নেক্সট বিদেশ ঘুরতে গেলে আপনাদের এই এডিটিংয়ের কষ্ট কমায় দেওয়ার আপ্রাণ চেষ্টা করব।

সোশ্যাল মিডিয়া তারকা শবনম ফারিয়া অভিনেত্রী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:43

URL: https://www.timestodaybd.com/entertainment/1605673267